

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৭৬

তারিখ: ২৮ মাঘ ১৪২৬

১১ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ১০ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নাই এবং কোনো সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ উপমহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

কুয়াশাঃ শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও হালকা কুয়াশা পড়তে পারে।

শৈত্যপ্রবাহঃ রাজশাহী, পাবনা, চুয়াডাঙ্গা ও শ্রীমঙ্গল অঞ্চলসহ রংপুর বিভাগের উপর দিয়ে মৃদু শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে। দেশের পশ্চিমাংশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং এছাড়া দেশের অন্যত্র দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৭.৪	২৭.০	২৯.৫	২৭.৯	২৬.৬	২৭.৪	২৭.৮	২৭.১
সর্বনিম্ন তাপমাত্রা	১০.৫	১৩.৬	১১.২	০৯.৩	০৯.৫	০৬.৪	০৯.০	১০.৯

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ২৯.৫° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ০৬.৪° সেঃ।

অগ্নিকান্ডঃ


ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ০৮/০২/২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৯/০২/২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩৩টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
---------	-------------	---------------------	--------------	---------------

১।	ঢাকা	৯	০	০
২।	ময়মনসিংহ	৫	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	৩	০	০
৫।	রাজশাহী	৪	১	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৬	০	০
৮।	খুলনা	৪	০	০
	মোট	৩৩	১	০

উল্লেখযোগ্য অগ্নিকান্ড
(জেলাভিত্তিক তথ্য):

রাজশাহীঃ জেলা প্রশাসন, রাজশাহীর পত্র নং ৫১.০১.৮১০০.০২৫.০৮.০০১.১৯.৬৯, তারিখ- ০৯/০২/২০২০খ্রিঃ এর মাধ্যমে জানানো হয়েছে যে, গতকাল ০৯/০২/২০২০খ্রিঃ তারিখ আনুমানিক সকাল ১০.১০টায় রাজশাহী মহানগরীর সাহেব বাজার নিউ মার্কেটে রাস্তার রানীবাজার এলাকার রাস্তা সংলগ্ন Motorola Mobile'র দোকানে অগ্নিকান্ডের সূচনা হয়। পরবর্তীতে আগুন পাশের Vivo Mobile'র দোকানে ছড়িয়ে পড়ে। আগুন লাগার খবরে ১০.৩০টায় ফায়ার সার্ভিস ঘটনাস্থলে পৌঁছে এবং ১১.০০টায় আগুন পরোপুরি নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে দোকানের কর্মচারী মোঃ ফয়সাল (৩০) আহত হয়ে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। অগ্নিকান্ডে আনুমানিক ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার সম্পদের ক্ষয়ক্ষতি হয়েছে।



১১-২-২০২০

সৈয়দা মেহেরুন নেছা কবীর
উপপরিচালক

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৭৬/১(৬২)

তারিখ: ২৮ মাঘ ১৪২৬
১১ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



১১-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)